Royal College of Anaesthetists

# জেনারেল অ্যানেস্থেটিক বা সিডেশন থেকে সেরে উঠছেন এমন ব্যক্তির যত্ন

রোগীরা স্পষ্টভাবে চিন্তা করতে সক্ষম না-ও হতে পারেন এবং জেনারেল অ্যানেস্থেটিক বা সিডেশনের পরে ২৪ ঘন্টা পর্যন্ত তাঁদের সিদ্ধান্ত প্রভাবিত হতে পারে।

এই সময়ের মধ্যে তাঁদের উচিত :

- তাঁদের পরিচর্যায় থাকা কোনও শিশু অথবা অন্য কারও দায়িত্ব না নেওয়া
- যানবাহন বা সাইকেল না চালানো
- রান্না না করা অথবা কোনও যন্ত্রপাতি ব্যবহার না করা
- কোনও গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত না নেওয়া, এমনকি তাঁদের যদি মনেও হয় যে তাঁরা সুস্থ আছেন
- সোশ্যাল মিডিয়া/পাবলিক ফোরামে পোস্ট করা থেকে বিরত থাকা
- অ্যালকোহল পান না করা

আপনার কোনো আত্মীয় বা বন্ধু চিকিৎসার জন্য সিডেশন নেওয়ার পরে বা জেনারেল অ্যানেস্থেটিকের মাধ্যমে অপারেশনের পরে আপনাকে বলা হয়েছে তাঁকে বাড়িতে পৌঁছে দিতে এবং তাঁর দেখাশোনা করতে। তিনি সুস্থ হয়ে ওঠার সময় করণীয় ও বর্জনীয় এবং এই সময়ে আপনার কী আশা করা উচিত, এই লিফলেটটি সেসব সম্পর্কে সাধারণ তথ্য প্রদান করে। এটি আপনাকে আগে থেকে পরিকল্পনা করে রাখতে সাহায্য করবে।

## আমার কী আশা করা উচিত?

সিডেশনের ওষুধ বা অ্যানেস্থেটিক কিছু রোগীকে চিকিৎসার পরে কিছুটা বিভ্রান্ত ও বেসামাল করে তুলতে পারে, মনে রাখা জরুরী যে এটা তাঁদের বিবেচনাকে প্রভাবিত করতে পারে যার কারণে তাঁরা স্বাভাবিকভাবে চিন্তা করতে সক্ষম না-ও হতে পারেন। এটি ২৪ ঘন্টা অর্থাৎ পরের দিন পর্যন্ত স্থায়ী হতে পারে। এই সময়ে আপনার উচিত রোগীর ওপর সতর্ক দৃষ্টি রাখা। হাসপাতাল থেকে বাড়িতে ফিরে তিনি কীভাবে নিজের যত্ন নেবেন তা আগে থেকে ভেবে রাখা সহায়ক হতে পারে। উদাহরণস্বরূপ, অনেকে মনে করতে পারেন যে নিচতলায় বসবাস করলে ভালো হবে।

## আমি কখন আমার বন্ধু বা আত্মীয়কে নিতে আসতে পারি?

চিকিৎসার পর তিনি সঠিকভাবে সুস্থ হয়ে ওঠার পরেই হাসপাতালের কর্মীরা আপনাকে তাঁকে বাড়ি নিয়ে যাওয়ার অনুমতি দেবেন। যেহেতু রোগীদের জেনারেল অ্যানেস্থেটিক বা সিডেশনের পরে ২৪ ঘন্টা পর্যন্ত গাড়ি চালানো উচিত নয়, তাঁকে গাড়ি বা ট্যাক্সিতে করে বাড়ি নিয়ে যেতে আপনাকে অবশ্যই একজন সক্ষম প্রাপ্তবয়স্ক ব্যক্তি হতে হবে – এক্ষেত্রে গণপরিবহন ব্যবহার না করার পরামর্শ দেওয়া হয়।

রোগীকে ঠিক কখন হাসপাতাল থেকে ছাড়া হবে তা সঠিকভাবে বলা সম্ভব নয়, কারণ অনেক রোগীর অ্যানেস্থেটিক, সিডেশন বা অপারেশন থেকে সেরে উঠতে অন্যদের চেয়ে বেশি সময় লাগে। তবে আপনাকে একটি আনুমানিক সময় জানানো হবে এবং যোগাযোগের জন্য একটি ফোন নম্বর দেওয়া হবে। নার্স আপনার সাথে যোগাযোগ করার জন্য আপনার ফোন নম্বরও সংগ্রহ করবেন। রোগী হাঁটতে না পারলে তাঁর জন্য একটি হুইলচেয়ারের ব্যবস্থা করা উচিত যাতে তিনি নিরাপদে আপনার গাড়ি অবধি পৌঁছাতে পারেন।

## আমাকে কী করতে হবে তা কি আমাকে বলা হবে ?

ডাক্তাররা আপনার বন্ধু বা আত্মীয়ের জন্য নির্দিষ্ট লিখিত নির্দেশনা দেবেন, যার মধ্যে থাকবে :

- তিনি বাড়ি গেলে কী আশা করতে পারেন
- প্রক্রিয়ার পরে তাঁর খাওয়া, পান এবং স্বাভাবিক ওষুধ গ্রহণের নির্দেশনা
- উদ্বিগ্ন হওয়ার মতো কিছু থাকলে জানানো এবং আপনার বা রোগীর কোনও প্রশ্ন থাকলে অথবা তিনি অসুস্থ বোধ করলে হাসপাতালে যোগাযোগ করার জন্য একটি নম্বর
- প্রক্রিয়া শেষে পরে তিনি যা করতে পারবেন এবং পারবেন না
- তাঁর যদি অন্য কোনও ওষুধ গ্রহণ করার দরকার হয় সে সম্পর্কিত তথ্য, যেমন বেদনানাশক
- ক্ষত পরিষ্কার করা এবং যত্ন সম্পর্কিত তথ্য। এই নির্দেশনাগুলো আপনি আপনার বন্ধু বা আত্মীয়ের সাথে পড়বেন এবং এগুলো মেনে চলা নিশ্চিত করতে সাহায্য করবেন।

## আমার বন্ধু বা আত্মীয় বাড়িতে কী কী করবেন?

এটা তিনি যে প্রক্রিয়ার মধ্য দিয়ে গেছেন সেটির ধরণ এবং হাসপাতালের নির্দেশনার ওপর নির্ভর করবে। তাঁর সাধারণত যা যা করা উচিত :

- সুস্থ হয়ে উঠতে প্রচুর পরিমাণে বিশ্রাম নেওয়া
- বেসামাল বোধ করলে করলে সাহায্য ছাড়া না হাঁটা এবং সিঁড়ি এড়িয়ে চলা
- স্বাভাবিক ওষুধ গ্রহণ এবং অতিরিক্ত যে-কোনো বেদনানাশক গ্রহণ সম্পর্কে হাসপাতালের নির্দেশনা সাবধানে মেনে চলা
- খাওয়া, পান করা এবং পরিষ্কার করার বিষয়ে হাসপাতাল থেকে প্রাপ্ত নির্দেশনা মেনে চলা করা।

## তাঁর কী করা উচিৎ নয়?

তিনি স্পষ্টভাবে চিন্তা করতে সক্ষম না-ও হতে পারেন এবং অ্যানেস্থেটিক বা সিডেশনের পরে ২৪ ঘন্টা পর্যন্ত তাঁর সিদ্ধান্ত প্রভাবিত হতে পারে। এই সময়ের মধ্যে তাঁর যা কিছু থেকে বিরত থাকা উচিত :

- তাঁর পরিচর্যায় থাকা কোনও শিশু অথবা অন্য কারও দায়িত্ব নেওয়া
- যানবাহন বা সাইকেল চালানো

- রান্না করা অথবা কোনও যন্ত্রপাতি ব্যবহার করা
- অ্যালকোহল পান করা
- কোনও গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেওয়া, এমনকি তাঁর যদি মনেও হয় যে তিনি সুস্থ আছেন
- সোশ্যাল মিডিয়া/পাবলিক ফোরামে পোস্ট করা

আমরা এই লিফলেটের তথ্য সঠিক ও হালনাগাদকৃত রাখার সর্বোতভাবে প্রচেষ্টা করি, কিন্তু তার নিশ্চয়তা দেওয়া সম্ভব নয়। আমরা প্রত্যাশা করি না যে এই সাধারণ তথ্যে আপনার সম্ভাব্য সমস্ত প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে অথবা আপনার জন্য গুরুত্বপূর্ণ সমস্ত বিষয় নিয়ে বিশদে আলোচনা করা হয়েছে। এই লিফলেটটিকে নির্দেশনা হিসেবে ব্যবহার করে, আপনার নিজস্ব পছন্দ-অপছন্দ এবং উদ্বেগ নিয়ে আপনার চিকিৎসা দলের সাথে আলোচনা করা উচিৎ। এই লিফলেটকে পৃথকভাবে চিকিৎসা পরামর্শ হিসেবে ব্যবহার করা উচিৎ নয়। এটি কোনও বাণিজ্যিক বা ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। সম্পূর্ণ দায় বর্জন বিবৃতি দেখতে এখানে (www.rcoa.ac.uk/patient-information/translations/bengali) ক্লিক করুন।

সমস্ত অনুবাদ ট্রান্সলেটর্স উইদাউট বর্ডার্সের (Translators without Borders) অনুবাদকগণ সরবরাহ করেছেন। অনুবাদগুলিকে যথাসম্ভব নির্ভুল করতে সেগুলির মান পরীক্ষা করা হয়েছে, তবে কিছু তথ্যের ভুল অর্থ এবং ভুল ব্যাখ্যার সম্ভাবনা রয়েছে।

# আমরা আপনার মতামত জানতে আগ্রহী

এই লিফলেটটি আরও উন্নত করার জন্য আমরা আপনাদের পরামর্শ জানতে চাই।

আপনার কোনও মন্তব্য থাকলে অনুগ্রহ করে এই ঠিকানায় ইমেইল করুন : patientinformation@rcoa.ac.uk

**Royal College of Anaesthetists**
Churchill House, 35 Red Lion Square, London WC1R 4SG
020 7092 1500

## www.rcoa.ac.uk

দ্বিতীয় সংস্করণ, নভেম্বর ২০২১

এই লিফলেটটি প্রকাশনার তারিখ থেকে তিন বছরের মধ্যে পর্যালোচনা করা হবে।

**© 2021 Royal College of Anaesthetists**

রোগীদের তথ্য সরবরাহের উপকরণ প্রস্তুতের জন্য এই লিফলেটটি কপি করা যেতে পারে। অনুগ্রহ করে প্রকৃত সূত্র উল্লেখ করুন। আপনি যদি এই লিফলেটটির অংশবিশেষ অন্য কোনও প্রকাশনার কাজে ব্যবহার করতে চান তাহলে কৃতজ্ঞতা স্বীকার করতে হবে, এবং লোগো, ব্র্যান্ডিং ও চিত্র অপসারণ করতে হবে। আরও তথ্য জানতে অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।